

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯৩

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয় ও লেনদেনে সহনশীলতা

بَابُ الْمُسَاهَلَةِ فِي الْمُعَامَلَةِ

আরবী

وَعَنْ أَبِي قَتَادَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «إِيَّاكُمْ وَكَثْرَةَ الْحَلِفِ فِي النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «إِيَّاكُمْ وَكَثْرَةَ الْحَلِفِ فِي النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْبَيْعِ فَإِنَّهُ يُنَفِّقُ ثُمَّ يَمْحَقُ» . رَوَاهُ مُسلم

বাংলা

২৭৯৩-[8] আবূ কাতাদাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ব্যবসা-বাণিজ্যে অধিক কসম খাওয়া হতে বেঁচে থাকবে। এর কারণে (সাময়িক) পণ্য বেশি বিক্রি হলেও (পরিশেষে) বরকত কমে যায়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৬০৭, নাসায়ী ৪৪৬০, ইবনু মাজাহ ২২০৯, আহমাদ ২২৫৪৪, সহীহ আল জামি' ২৬৮৫, সহীহ আতৃ তারগীব ১৭৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِيَّاكُمْ وَكَثْرَةَ الْحَلِفِ فِي الْبَيْعِ) "বেচা-কেনাতে তোমরা অধিক পরিমাণে শপথ করা থেকে বিরত থাক"। আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ তোমরা নিজেদেরকে বেশী বেশী শপথ করা থেকে বাঁচিয়ে রাখ। অত্র হাদীসে অধিক পরিমাণে শপথ করা নিষেধ করা হয়েছে। এ থেকে জানা যায়, প্রয়োজনের ক্ষেত্রে শপথ করা বৈধ যদি তা সত্য শপথ হয়। এ ব্যাপারে ইজমা, অর্থাৎ সকলের ঐকমত্য রয়েছে।

(فَإِنَّه يُنَفِّقُ ثُمَّ يَمْحَقُ) "কেননা তা পণ্যের প্রচলন দ্রুত করে কিন্তু এতে বরকত চলে যায়"। অর্থাৎ পণ্য বিক্রয়ের ক্ষেত্রে কথায় কথায় শপথ করার ফলে যদিও পণ্যের প্রসারে প্রভাব ফেলে, কিন্তু এ রকম শপথ যেহেতু মিথ্যা মিশ্রণের সম্ভাবনা থাকে বা অজান্তেই মিথ্যা বলে ফেলে, তাই এ শপথ দ্বারা বরকত অর্জিত না হয়ে বরং বরকত



কমিয়ে দেয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন